



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০৯.২৩.০২৮.২০১৬- ৮৯

তারিখঃ ০৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ।


যুগ্ম পরিচালক (সার)
বিএডিসি, চট্টগ্রাম।

বিষয়ঃ ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ২৫/০৮/২০১৯ তারিখে আপনার অঞ্চলের আওতাধীন বিএডিসি ভবন (নীচতলা) ১২১২ বর্গফুট অফিস স্পেসের ভাড়া চুক্তি নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপিত হয়। উপস্থাপিত বিষয়ের উপর সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে উক্ত ভবনের সার্বিক অবস্থা সম্পর্কে বর্ণনা দেওয়ার জন্য যুগ্ম-পরিচালক (সার), চট্টগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। এতে তুলে ধরা হয় যে, ভবনের ২য় তলা এক অংশ আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক চট্টগ্রামের কার্যালয় এবং অন্য অংশ কনফারেন্স সেন্টার হিসাবে ব্যবহারের জন্য ইতোপূর্বে অনুষ্ঠিত ভাড়া ও মূল্য নির্ধারণী কমিটির সভায় সিদ্ধান্ত অনুযায়ী বরাদ্দ দেয়া হয়। তবে ২৫/০৮/২০১৯ অনুষ্ঠিত সভায় আলোচনা হয় যে, ১ম ও ২য় তলা ব্যাংক/বীমা অথবা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের নিকট ভাড়া দেওয়া হলে সংস্থাটি আর্থিকভাবে লাভবান হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় যুগ্ম-পরিচালক (সার), চট্টগ্রামের দৃষ্টি আকর্ষণ করা হয়। পরিশেষে সভায় নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

“আগ্রাবাদ ভবনস্থ ১ম ও ২য় তলা ব্যাংক-বীমাসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের নিকট পরবর্তীতে ভাড়া দেয়ার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে আপাতত নীচতলা ১২১২ বর্গফুট অফিস স্পেসটি ভাড়া চুক্তির মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে নবায়ন করা যেতে পারে”।

০২. এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুসরণপূর্বক অতি দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

- ০১। সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ০২। সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ০৪। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
- ০৫। আঞ্চলিক হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, চট্টগ্রাম।
- ০৬। প্রোগ্রামার, আইসিটিসেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা, বিএডিসির (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০৭. অফিস কপি।